

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৫৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৬. রাতের (তাহজ্জুদ) সালাত সম্পর্কে

باب فِي صَلَاةِ اللَّيْلِ

আরবী

حَدَّ ثَنَا ابْنُ الْمُثَنَّى، حَدَّ ثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ، عَنْ شُعْبَةَ، عَنِ الْحَكَمِ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ الْبُنِ عَبَّاسٍ، قَالَ: بِتُّ فِي بَيْتِ خَالَتِي مَيْمُونَةَ بِنْتِ الْحَارِثِ فَصلَّى النَّبِيُّ صلى الله عليه وسلم الْعِشَاءَ، ثُمَّ جَاءَ فَصلَلَّى أَرْبَعًا، ثُمَّ نَامَ، ثُمَّ قَامَ يُصلِّي، فَقُمْتُ عَنْ يَسَارِهِ عَلَيه وسلم الْعِشَاءَ، ثُمَّ جَاءَ فَصلَلَّى خَمْسًا ثُمَّ نَامَ حَتَّى سَمِعْتُ غَطِيطَهُ _ أَوْ خَطِيطَهُ _ فَأَدَارَنِي فَأَقَامَنِي عَنْ يَمِينِهِ فَصلَلَّى خَمْسًا ثُمَّ نَامَ حَتَّى سَمِعْتُ غَطِيطَهُ _ أَوْ خَطِيطَهُ _ ثُمَّ قَامَ فَصلَلَّى الْغَدَاةَ .

_ صحیح

বাংলা

১৩৫৭। ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণিত। তিনি বলেন, এক রাতে আমি আমার খালা মায়মূনাহ বিনতুল হারিসের ঘরে অবস্থান করি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ইশার সালাত আদায়ের পর ঘরে এসে চার রাক'আত সালাত আদায় করে ঘুমিয়ে পড়লেন। অতঃপর আবার উঠে সালাত আদায় করতে লাগলেন, তখন আমি তাঁর বাম পাশে গিয়ে দাঁড়ালাম। তিনি আমাকে ঘুরিয়ে এনে তাঁর ডান পাশে দাঁড় করালেন এবং তিনি পাঁচ রাক'আত সালাত আদায় করলেন। অতঃপর তিনি আবার ঘুমালেন; এমনকি আমি তাঁর নাক ডাকার শব্দ শুনতে পেলাম। অতঃপর আবার উঠে দু' রাক'আত সালাত আদায় করলেন। অতঃপর (ঘর থেকে) বের হয়ে (মসজিদে) গিয়ে ফজরের সালাত আদায় করেন।[1]

সহীহ।

English

Narrated Ibn 'Abbas:



I spent a night in the house of my maternal aunt Maimunah, daughter of al-Harith. The Prophet (ﷺ) offered the night prayer. He then came and prayed four rak'ahs and slept. He then stood up and prayed. I stood at his left side. He made me go round and made me stand at his right side. He then prayed five rak'ahs and slept, and I heard his snoring. He then got up and prayed two rak'ahs. Afterwards he came out and offered the dawn prayer.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ দুই জন সালাত আদায় করলে মুক্তাদী ইমামের ডান পাশে বরাবর দাঁড়াবে, হাঃ ৬৯৭) শু'বাহ হতে.অনুরূপ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন